মেহেরপুরে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য তালিকার তারতম্য

এখন বাংলাদেশের প্রধান কয়েকটি আলোচ্য বিষয়ের মধ্যে অন্যতম হচ্ছে নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্যের লাগামহীন মূল্য বৃদ্ধি।

ক্রমাগতভাবে বৃদ্ধিপাচ্ছে এসব পণ্যের মূল্য। কোন কোন পণ্যের মূল্য দ্বিগুণ, তিনগুণ বেড়েছে। গত কয়েকমাস ধরে এসব পণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণে চরম বিপাকে পড়েছেন দেশের সাধারণ মানুষ।

শ্রমজীবীদের দুর্ভোগ চরমে পৌঁছেছে। চাল, ডাল, ডিম, চিনি ও তেলসহ প্রায় প্রতিটি নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্যের দাম এখন আকাশচুম্বী। সাধ্যের বাইরে মুরগি, গরু ও খাসির গোশত।

এ নিয়ে মেহেরপুর প্রতিদিনের সাপ্তাহিক পাইকারি ও খুচরা বাজার দরের তারতম্যের চিত্র নিম্নরুপ। গতকাল শুক্রবার (২৪ নভেম্বর) সহ গত এক সপ্তাহে সরজমিনে মেহেরপুর শহরের পাইকারি ও খুচরা বাজার পরিদর্শন করে নিত্য প্রয়োজনীয় কিছু পণ্যের মূল্য তালিকায় বিগত সপ্তাহের তুলনায় তারতম্য লক্ষ্য করা গেছে।

মেহেরপুর বড় বাজারে, মোটা চাল পাইকারি মূল্য ৪৮ টাকা কেজি ও খুচরা মূল্য ৫০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এক সপ্তাহের ব্যবধান অপরিবর্তিত রয়েছে। মাঝারি চাল পাইকারি মূল্য ৫৬ টাকা কেজি ও খুচরা মূল্য ৫৮ টাকা কেজি,এক সপ্তাহের ব্যবধান অপরিবর্তিত রয়েছে।

সরু চাল পাইকারি মূল্য ৬০ টাকা কেজি ও খুচরা মূল্য ৬৪-৬৫ টাকা কেজি। সপ্তাহের ব্যবধানে প্রায় ২-৩ টাকা বৃদ্ধি পেয়েছে। আলু পাইকারি বিক্রয় মূল্য ৪১ টাকা ও খুচরা মূল্য ৫০ টাকা কেজি। সপ্তাহের ব্যবধানে পাইকারী বাজারে ৫ টাকা কমলেও খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে।

দেশি পেঁয়াজ পাইকারি মূল্য ৯৫ টাকা ও খুচরা মূল্য ১০৫ টাকা কেজি। সপ্তাহের ব্যবধানে উভয় বাজারে পেঁয়াজের মূল্য ১৫ টাকা হ্রাস পেয়েছে। এল সি পেয়াজ পাইকারি মূল্য ৮৫ টাকা ও খুচরা মূল্য ১০৫ টাকা কেজি দ্বরে বিক্রি হচ্ছে । গত এক সপ্তাহের ব্যবধানে পাইকারি বাজারে ৫ টাকা কমলেও খুচরা মূল্য গত সপ্তাহের তুলনায় আরো ৫ টাকা

বৃদ্ধি পেয়েছে।

ডিম পাইকারি মূল্য ১২০ টাকা ডজন ও খুচরা মূল্য ১৩২ টাকা ডজন। এক সপ্তাহের ব্যবধানে মূল্য প্রায় ১৫ টাকা হ্রাস পেয়েছে। ব্রয়লার মুরগির পাইকারি মূল্য ১৬০ টাকা ও খুচরা মূল্য ১৭০ টাকা কেজি। এক সপ্তাহে ১০ টাকা হ্রাস পেয়েছে।

মেহেরপুরে লাঙ্গল চষতে চান চান ৩ জন

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করতে জাতীয় পার্টির দলীয় মনোনয়ন ফর্ম সংগ্রহ করেছেন তিনজন।

মেহেরপুর-১ সংসদীয় আসনের জন্য ১ জন এবং মেহেরপুর-২ সংসদীয় আসনের জন্য ২ জন।

আজ বৃহস্পতিবার দলীয় মনোনয়ন সংগ্রহের শেষ দিনে দলীয় কার্যালয় থেকে মেহেরপুর-২ সংসদীয় আসনের (গাংনী) জন্য মনোনয়ন ফর্ম সংগ্রহ করেন কিতাব আলী।

ইতোপূর্বে গতকাল বুধবার দলীয় কার্যালয় থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করেন মেহেরপুর-১ সংসদীয় আসনের (মেহেরপুর সদর ও মুজিবনগর) জন্য আব্দুল হামিদ এবং মেহেরপুর-২ সংসদীয় আসনের (গাংনী) জন্য মোঃ আব্দুল বাকী।

গাংনীতে ট্রাক ও লেগুনার

সংঘর্ষে আহত ৯

গাংনীতে যাত্রীবাহী লেগুনার সাথে ভুট্টা বোঝায় ট্রাকের মুখোমুখি সংঘর্ষে সৃষ্ট দুর্ঘটনায় ৯ জন আহত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৩ নভেম্বর) বিকেল ৩ টার দিকে গাংনীর চৌগাছাতে এই দুর্ঘটনা ঘটে। ট্রাক আরোহীদের ৫ জন ও যাত্রীবাহী লেগুনার চালকসহ ৩ জন যাত্রী আহত হয়েছেন।

আহতরা হলেন রামকৃষ্ণপুর গ্রামের আব্দুর রকিবের ছেলে নাঈম হোসেন (১৪), মেহেরপুর সদর উপজেলার নতুন দরবেশপুরের মৃত আহাদ আলীর ছেলে ঝন্টু আলী (৫০), রফিকুল ইসলামের ছেলে আসাদুল ইসলাম (৪০), মুরাদ আলীর ছেলে সাজেদুল ইসলাম (৫০), আনিস আলীর ছেলে আসাবুল ইসলাম (২৬) ,কুষ্টিয়ার নাসির উদ্দিন এর ছেলে নাঈম (২৪),গাংনী উপজেলার লক্ষীনারায়নপুর ধলা গ্রামের মৃত আবুল মোহাম্মদের ছেলে আলী মোহাম্মদ (৭০), কাথুলী গ্রামের মামুন হোসেনের স্ত্রী শাবানা খাতুন (৩৫) ও কুলবাড়িয়া গ্রামের আকলেসুর রহমানের স্ত্রী খাদিজা খাতুন (৪০)।

স্থানীয় জনগণ আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে ৩ জনের অবস্থা আশঙ্কাজনক হওয়াতে তাদেরকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালে রেফার্ড করেন কর্তব্যরত চিকিৎসক।

গাংনী থানার ইন্সপেক্টর (তদন্ত) মনোজিৎ কুমার নন্দী এ তথ্য নিশ্চিত করেছেন।

মেহেরপুরে রিক্সা ও ইজিবাইকের ব্যাটারি চুরির হিড়িক

মেহেরপুরে আশঙ্কাজনক ভাবে বেড়েছে ব্যাটারি চালিত রিক্সা, ভ্যান ও ইজিবাইক থেকে ব্যাটারি চুরির ঘটনা। নানা ভোগান্তির অজুহাতে

থানায় অভিযোগ করতে ভুক্তভোগীদের অনীহা।

গত এক মাসে মেহেরপুর পৌর শহরের মিয়া পাড়া থেকে মনিরুল ইসলাম, হাসমত, মজিবর ও জনি নামের রিকশাচালক, ভ্যান চালক বাবু এবং ইজিবাইক চালক ইজিল সহ মোট ৬ জনের বাড়ি থেকে তাদের বাহনের ব্যাটারি খুলে নিয়ে গেছে সঙ্ঘবদ্ধ চোরেরা। জানা গেছে প্রত্যেকের রিক্সার চারটি ব্যাটারির মধ্যে দুইটি করে চুরি করে নিয়ে গেছে চোরেরা।

মেহেরপুরের মল্লিক পাড়ার দবিরের মোড় এলাকার কয়েকজন রিক্সা চালক জানান মাস খানেক আগে মেহেরপুরের গোরস্থান পাড়ায় এক রিকশা চালকের রিকশা থেকে চারটি ব্যাটারিই চুরি করে নিয়ে যায় চোর চক্র। দিঘির পাড়া থেকে খাইরুল নামের এক রিকশা চালকের ব্যাটারি চালিত রিকশাটিই চুরি হয়ে গেছে রাতের আধারে।

এছাড়াও বিগত কিছুদিন যাবত বেড়েছে ইজিবাইক চুরি ও ছিনতাই এর ঘটনা। সম্প্রতি মেহেরপুরে ঘটে যাওয়া কয়েকটি হত্যাকাণ্ডের সাথে ইজিবাইক ছিনতাইয়ের যোগসূত্র পাওয়া গিয়েছিল।

মেহেরপুর জেলা অটো মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা বলেন, ‘জেলাতে সমিতির তালিকাভুক্ত প্রায় ২ হাজার ৭০০ জন ইজিবাইক চালক রয়েছেন। সমিতির বাইরেও মেহেরপুরে চলে আরো অসংখ্য ইজিবাইক। যাদের ক্ষয়ক্ষতির হিসাব সমিতির জানা নেই।’

গোলাম মোস্তফা আরো বলেন, ‘বিগত কয়েক মাসে আমার জানামতে মেহেরপুর জেলা থেকে দশটার অধিক ইজিবাইক চুরি হয়েছে। এরমধ্যে ইজিবাইক মালিক সমিতি শামীম ও সামাদ নামের দুই ইজিবাইক মালিকের ইজিবাইক উদ্ধার করতে সক্ষম হয়েছে। কয়েকদিন আগে দক্ষিন শালিকা গ্রামের বাহারুলের ছেলে অটোচালক আকাশ অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে তার ইজিবাইকটি খোয়াই। চারদিন পর আকাশের জ্ঞান ফিরেছিলো। মাস ছয়েক আগে হানিফ নামের এক অটোচালক মেহেরপুর জেনারেল হাসপাতালের কাটাই খানার সামনে থেকে তার ইজিবাইক খুইয়েছেন। ঘটনাগুলোতে নিয়ে মেহেরপুর সদর থানা ও মুজিবনগর থানায় অভিযোগ ও সাধারণ ডায়েরি করলেও ইজিবাইক গুলি এখনো উদ্ধার হয়নি।

রিকশা চালকদের সাথে কথা বলে জানা গেছে ব্যাটারি হারালেও তারা থানায় কোন অভিযোগ করেননি। থানায় অভিযোগ না করার কারণ জিজ্ঞাসা করলে তারা বলেন, অভিযোগ করতে গেলে আগেই ৫০০ টাকা দেয়া লাগে, এরপরও কোন উদ্ধার হয় না। এজন্যই তারা অভিযোগ না করে বিভিন্ন

জায়গা থেকে লোন করে নতুন ব্যাটারি কিনেছেন।

মিয়া পাড়ার অধিবাসী ভুক্তভোগী রিক্সা চালক মনিরুল ইসলাম (মনি) বলেন, ‘সারাদিন রিক্সা চালিয়ে রাতে নিজ বাড়িতে রিক্সা চার্জ দিয়ে ঘুমিয়ে পড়ি। সকালে উঠে দেখি চারটি ব্যাটারির মধ্যে দুইটি ব্যাটারিই চোরে নিয়েগেছে। রিকশা চালিয়ে সারাদিন যা আয় করি তা দিয়েই কোনরকমে সংসার চালাই। ব্যাটারি হারানোর পর নিরুপায় হয়েই সমিতি থেকে লোন করে ২৭ হাজার টাকা দিয়ে নতুন ব্যাটারি কিনেছি। ‘

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার মোঃ কামরুল আহসান বলেন, ‘থানায় সাধারণ ডায়েরি করতে কোন খরচ হয়না। দেশের প্রচলিত আইনের প্রতি সম্মান দেখিয়ে ভুক্তভোগীদের পদক্ষেপ নেয়া উচিৎ। ভুক্তভোগীরা সংশ্লিষ্ট থানায় অভিযোগ করলে তার প্রেক্ষিতে পুলিশ অবশ্যই ব্যবস্থা নেবে।’

মেহেরপুরের দরবেশপুরে মসজিদ পুনঃ নির্মাণে গ্রামবাসীর উচ্ছাস

সকল জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে অবশেষে পুনঃ নির্মাণ হচ্ছে মেহেরপুর সদরের নতুন দরবেশপুর জামে মসজিদের নির্মাণ কাজ।

স্থানীয় সূত্রে জানা যায়, নতুন দরবেশপুর জামে মসজিদটি তৈরি হয় ১৯১০ সালে সেটি ১৯২৮ সালে ইমারত নির্মাণ হয় এবং ১৯৮৬ সালে মসজিদটির সংস্কার কাজ করা হয়। ধীরে ধীরে জনসংখ্যা বৃদ্ধির ফলে মুসল্লিদের জায়গার সংকুলান না হওয়ায় মসজিদ সম্প্রসারণের প্রয়োজনীয়তা অনুভব হয়। মসজিদ কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২০ সালে ভাঙ্গা হয় পুরাতন মসজিদ টি। পরবর্তীতে মসজিদের ইমাম নিয়োগকে কেন্দ্র করে বাধা পড়ে নির্মাণ কাজের। সেই থেকেই বন্ধ হয়ে যায় নির্মাণ কাজ। শুরু হয় জটিলতা এ নিয়ে কয়েক দফা আলোচনায় বসেও সুরাহা হয়নি।

পরবর্তীতে বিষয়টি নিয়ে দেন দরবার শুরু হয় উপর মহলে। সকল জল্পনা- কল্পনা ও জটিলতার অবসান ঘটিয়ে মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর হস্তক্ষেপে বারাদি ইউপি চেয়ারম্যান পিরোজপুর ইউপি চেয়ারম্যান সহকারি কমিশনার ভূমি মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা স্থানীয় নেতৃবৃন্দ ও গ্রামবাসীর আলোচনায় সকল জটিলতার অবসান ঘটে। শুরু হয়েছে নতুন দরবেশপুর জামে মসজিদের পুনরায় নির্মাণ কাজ। পূর্বের জায়গাতেই মসজিদ নির্মাণে গ্রামবাসীর মনে এখন আনন্দের ছাপ। বাপ দাদার রেখে যাওয়া স্থানে মসজিদটি পুনরায় নির্মাণ হওয়াতে আনন্দিত গ্রামবাসী।

এ বিষয়ে মসজিদ কমিটির সভাপতি গোলাম কিবরিয়া বলেন মসজিদটি পুনরায় একই স্থানে নির্মাণ হওয়াতে আমরা আনন্দিত।

মসজিদ কমিটির সাধারণ সম্পাদক আনোয়ার কবির সাজু বলেন- মসজিদটি নির্মাণ করা ছিল আমাদের প্রাণের দাবি, জটিলতা নিরসনে যারা সার্বিক সহযোগিতা করেছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। মসজিদের নিয়মিত মুসল্লী শাহাদত হোসেন বলেন- মসজিদের নির্মাণ কাজ বন্ধ থাকার ফলে আমরা চাটাই ঘেরা ঘরে নামাজ আদায় করছি, মসজিদটি নির্মাণ হওয়াতে আমরা অনেক আনন্দিত।

সাইদুর রহমান বলেন- আমরা একটি মডেল মসজিদ হিসাবে গড়ে তুলব এজন্য সকলের সহযোগিতা কামনা করছি।

মেহেরপুরের আমঝুপিতে সমবায় দিবস উপলক্ষ্যে মানববন্ধন ও আলোচনা সভা

জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষ্যে আজ সকাল দশটার দিকে আমঝুপিতে এক মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এএলআরডি‘র সহযোগিতায়, মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

মেহেরপুর চুয়াডাঙ্গা মহাসড়কে মানববন্ধন শেষে মউক হলরুমে মউকের

নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলা সমবায় অফিসার মোঃ মনিরুজ্জামান।

জাতীয় সমবায় দিবসের আলোচনায়, সুবিধাবঞ্চিত প্রান্তিক জনগোষ্ঠীর সমবায়, পারিবারিক কৃষি, ভূমিস্বত্ব ও সরকারি পরিসেবা বিষয়ে আলোচনা করা হয়।

আলোচনায় আরো বক্তব্য রাখেন মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, সাদ আহাম্মদ ও চাঁদবিল হালদারপাড়া নারী জনসমবায় দলের নারীনেত্রী শিউলি রানী প্রমূখ। সভায় এলাকার বিভিন্ন পেশার প্রতিনিধিগন সহ বিভিন্ন নারী জনসমবায় দলের সদস্যগন অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেন।

মুজিবনগরে পার্টনার স্কুলের ম্যানেজিং কমিটির সাথে মতবিনিময় সভা

মুজিবনগরে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর পার্টনার মাধ্যমিক স্কুলের ম্যানেজিং কমিটির সাথে মতবিনিময় সভা করেছে গুডনেইবারর্স।

আজ বৃহস্পতিবার বিকেলে গুডনেইবার্স‘র বল্লভপুর প্রজেক্ট অফিস চত্তরে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি‘র ম্যানেজার বিভোব দেওয়ানের সভাপতিত্বে এবং সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদের সঞ্চালনায় মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম,বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত সহকারী প্রধান শিক্ষক আব্দুল হাই।

ম্যানেজিং কমিটির কার্যক্রম, অংগ্রহনকারী স্কুলের গুলোর ম্যানেজিং কমিটির বর্তমান কার্যক্রম, শিক্ষার্থীদের উপস্থিতি এবং পরীক্ষায় পাসের হার কীভাবে বাড়ানো যায়।

এসএমসি ভূমিকা, দায়িত্ব এবং উন্নতির ক্ষেত্রে কিকি পদক্ষেপ গ্রহণ করা উচিত এ সম্পর্কে আলোচনা করেন, অনুষ্ঠানের প্রধান অতিথি,বিশেষ অতিথি এবং গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম, আনন্দবাস নিয়া মনসুর একাডেমির সহকারী শিক্ষক রাসেল উদ্দীন।

মতবিনিময় সভার শুরুতে প্রোগ্রামের উদ্দেশ্য শেয়ার করেন মতবিনিময় সভার সভাপতি বিভোব দেওয়ান। উন্মুক্ত আলোচনা এবং শেষে সভাপতির অনুপ্রেরণামূলক এবং সমাপনী বক্তৃতার মধ্যদিয়ে মতবিনিময় সভার সমাপ্তি হয়।

মতবিনিময় সভায় মেহেরপুর সিডিপির ১০ টি পার্টনার স্কুলের ১০ জন শিক্ষক এবং ২০ জন ম্যানেজিং কমিটির সদস্য অংশগ্রহন করেন।

মুজিবনগরে গুডনেইবারর্সের স্পেশাল হেলথ ক্যাম্পেইন

মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি‘র আয়োজনে, স্পেশাল হেলথ ক্যাম্পেইন মেডিসিন (ডায়াবেটিস) এবং ব্লাড সুগার চেকআপ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল থেকে দুপুর পর্যন্ত গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি‘র বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গনে এই ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

ক্যাম্পেইনে ডায়াবেটিস আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা প্রদান করেন মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডা: তৌফিক আহমেদ।

এছাড়াও ক্যাম্পেইনে রোগীদের ব্লাড সুগার চেকআপ করেন কেয়ার ডায়াগনস্টিক সেন্টার এর মেডিকেল টেকনিশিয়ানরা।

এ সময় উপস্থিত ছিলেন গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর মেডিকেল অফিসার ডা: শুভ কুমার মজুমদার এবং হেলথ অফিসার আহসানুল হক।
স্পেশাল হেলথ ক্যাম্পেইনে ১২০ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়।

মেহেরপুরে অনলাইন জুয়ার এজেন্ট নাসির শাহ গ্রেফতার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামে অভিযান চালিয়ে অনলাইন জুয়ার এজেন্ট নাসির শাহ (২৬) কে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

সোমবার রাতে ডিবির এস আই মনিরের নেতৃত্বে পুুলিশের একটি এ অভিযান পরিচালনা করেন। অভিযানে ডিবির এস আই উত্তম, এস আই আশিক অংশ নেন। নাসির শাহ গোপালপুর গ্রামের শহিদুল ইসলামের ছেলে।

তার বিরুদ্ধে ২০২২ সালের ২০ আগষ্ট অনলাইন জুয়া পরিচালনার অপরাধে ডিজিটাল নিয়ন্ত্রণ আইনে মামলা রয়েছে। যার মামলা নম্বর-১১। তিনি অনলাইনজুয়ার অন্যতম এজেন্ট নুরুল মাষ্টারের সহযোগী হিসেবে কাজ করেন বলে তথ্য রয়েছে।

ডিবির ওসি সাইফুল আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে ডিবির এস আই মনিরের নেতৃত্বে একটি দল গোপালপুরে গ্রামে অভিযান চালিয়ে নাসির শাহ গ্রেফতার।

তার বিরুদ্ধে ডিজিটাল নিয়ণÍ◌্রণ আইনের মামলা খুলনা সাইবার ট্রাইব্যুানালে চলমান রয়েছে। তাকে গ্রেফতার আদালতের মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে আগাম পোস্টার-ব্যানার নিজ উদ্যোগে অপসারণের নির্দেশনা

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্ধারিত সময়ের আগেই লাগানো পোস্টার, ব্যানার, বিলবোর্ড, তোরণ, প্যান্ডেল, দেয়াল লিখনসহ সকল ধরনের নির্বাচনী প্রচার সামগ্রী নিজ উদ্যোগে অপসারণ করতে প্রার্থীদের প্রতি নির্দেশনা দিয়েছে মেহেরপুর জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার।

আগামী ৭ জানুয়ারি ভোটের তারিখ নির্ধারণ করে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। তফসিল অনুযায়ী, মনোনয়নপত্র জমা দেওয়া যাবে ৩০ নভেম্বর পর্যন্ত। ১ থেকে ৪ ডিসেম্বর মনোনয়ন যাচাই বাছাই হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ১৭ ডিসেম্বর। ১৮ ডিসেম্বর দেওয়া হবে প্রতীক বরাদ্দ। এরপর থেকে ৫ জানুয়ারি পর্যন্ত ভোটের প্রচার চালানোর সুযোগ থাকবে। সেক্ষেত্রে মনোনয়নপত্র জমার জন্য ১৪ দিন সময় দেওয়া হয়েছে এবং প্রচারের জন্য ১৯ দিন সময় রয়েছে। এই সময়ের আগে কেউ তার নির্বাচনী এলাকায় প্রচার চালাতে পারবেন না। তাই আগামী ২৫ নভেম্বর শনিবারের মধ্যে নিজ উদ্যোগে পোস্টার ও দেয়াল লিখন অপসারণ এবং মোটরসাইকেল অন্যান্য যানবাহনে শোভাযাত্রা, শো-ডাউন, মিছিল, নির্বাচনি প্রচারণায় প্রীতিভোজ ও জনমনে আতংক সৃষ্টি করে এমন কার্যক্রম থেকে বিরত থাকতে অনুরোধ করা হয়েছে।

নির্বাচন কমিশনের আইন অনুযায়ী, নির্ধারিত সময়ের আগে নির্বাচনী প্রচার চালালে প্রার্থী বা তার সমর্থকের সর্বোচ্চ ছয় মাসের কারাদণ্ড অথবা ৫০ হাজার টাকা জরিমানা এমনকি উভয়দণ্ডে দণ্ডিত করার বিধান রয়েছে। সেই সাথে বাতিল হতে পারে প্রার্থীতাও।